আজকের কাগজ

তারিখ 26 NOV 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ২ ...

43

# রাজঘাট মাধ্যমিক বালিকা বিদ্যালয় অন্তহীন সমস্যায় জর্জরিত

রাজঘাট শিল্প এলাকার অভয়নগর থানার অর্ন্তগত রাজঘাট মাধ্যমিক বালিকা বিদ্যালয়টি এখন অন্তহীন সমস্যায় ভুগছে। ১৯৬৪ সালে যশোর মহাসড়কের পাশে একটি টিন সেডে স্কুলটির শিক্ষা কার্যক্রম শুরু হয়। বর্তমানে এখানে ৫শ' ছাত্রী ১১ জন শিক্ষক ২ জন অফিস সহকারী, ৩ জন মহিলা দপ্তরী ও একজন নৈশ প্রহরী রয়েছে। এতদাঞ্চলের একমাত্র নারী শিক্ষা প্রতিষ্ঠানে আজ ৫টি জীর্ণ কক্ষ ও একটি বিজ্ঞানাগার ছাড়া স্কুলে তেমন কিছুই নেই। অন্য একটি বিদ্যালয়ের পরিত্যক্ত কামরায় যথারীতি ক্লাস হচ্ছে। ৬৪ সাল থেকে এ পর্যন্ত সরকারি অনুদান ৫০ মেঃটন গম, ১টি কক্ষ তৈরী, ১ টি ল্যাট্রিন ও ৫ বান্ডিল টিন। উল্লেখ্য ৮৯ এর প্রলয়ংকরী ঘূর্ণিঝড়ে স্কুলের ৩টি কক্ষের চালা উড়ে যায়। কিন্তু আজো তা পূর্নাঙ্গ সংস্কার হয়নি। ছাত্রীরা পরীক্ষার সময় মেঝেতে মাদুর পেতে পরীক্ষা দেয়।

প্রধান শিক্ষকের কামরাটিতে ফাটল দেখা দিয়েছে যে কোনো সময় জগন্নাথ হলের মতো ভেঙ্গে পড়তে পারে। স্কুলে চেয়ার, বেঞ্চ, বোর্ড, আলমারী, অন্যান্য শিক্ষা উপকরণের দারুন অভাব। স্কুল ছাত্রীদের অবসর কাটানোর মতো কোনো পৃথক রুম না থাকায় দারুন সমস্যা দেখা দেয়।

এ এলাকায় একমাত্র নারী শিক্ষা প্রতিষ্ঠান রাজঘাট মাধ্যমিক বালিকা বিদ্যালয়টি সরকারি করণের জন্যে এলাকা বাসী সরকারের কৃপা দৃষ্টি আকর্ষন করেছে। নওয়াপাড়া থেকে তৈয়বুর রহমান তকি।